

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১১৮-আইন/২০২৩/১৬২/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ০৪ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ মোতাবেক ২০ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৭০-আইন/২০২০/৬০/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (১) শর্ত (১৩) এর কোলন “:” এর পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর শর্তাংশ বিলুপ্ত হইবে; এবং
- (২) তফসিল এর পরিবর্তে নিম্নবর্ণিত নতুন তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

“তফসিল

[শর্ত (১৩) দৃষ্টব্য]

(সহজলভ্য ও কনজিউম্যাবল পণ্যের তালিকা)

- ১। স্টীল শিট (steel sheet): American Standard Testing Method (ASTM) অনুযায়ী ছয় মিলিমিটার বা তৎনিম্ন A36 বা সমমানের MS প্লেট;
- ২। স্টীল রড;
- ৩। স্টীল পাইপ (dia ১.৫ ইঞ্চির নিম্নে);
- ৪। সকল ধরনের সিমেন্ট;
- ৫। বোল্ডার স্টোন (boulder stone);
- ৬। সকল প্রকার টাইলস;
- ৭। পি-ফেরিকিটেড বিল্ডিং;

- ৮। সকল প্রকার PHC/SPC/PC Pile এবং SPC Pole
- ৯। বৈদ্যুতিক লাইট-ফিটিংস;
- ১০। ট্রান্সমিশন টাওয়ার;
- ১১। ক্যাবল (Control Cable, Communication Cable & Optical Fiber Cable এবং 132 কেভি ও তদূর্ধ্ব পাওয়ার ক্যাবল ব্যতীত);
- ১২। সকল ধরনের বিতরণ ট্রান্সফরমার (distribution transformer);
- ১৩। সকল ধরনের রং (paint) ও বার্নিশ;
- ১৪। গৃহস্থালী সামগ্রী (household goods);
- ১৫। সকল ধরনের রাসায়নিক সামগ্রী (chemicals);
- ১৬। লুব্রিকেটিং অয়েল;
- ১৭। ট্রান্সফরমার অয়েল;
- ১৮। সকল ধরনের অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র;
- ১৯। অনুর্ধ্ব ২,০০,০০০ বিটিইউ (BTU) সম্পন্ন air conditioner;
- ২০। ডেজার;
- ২১। এ্যাংকর বোট (anchor boat); এবং
- ২২। Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এ বর্ণিত Heading 87.02 হইতে Heading 87.03 এর অন্তর্ভুক্ত সকল ধরনের যানবাহন।”।
- ২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।